# Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 14 July, 2025

সারাদেশে আইনশৃঙ্খলা অবনতি, হত্যা, দখলবাজি, চাঁদাবাজি ও স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এবং আগামীর রাষ্ট্র নায়ক তারেক রহমানের বিরুদ্ধে মিথ্যা, গুজব অপপ্রচারের প্রতিবাদে নোয়াখালীর চাটখিলে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।সোমবার (১৪ জুলাই) বিকেলে উপজেলার দশঘরিয়া বাজারে এ বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।পরকোট ইউনিয়ন বিএনপি ও অঙ্গসংগঠন এই কর্মসূচির আয়োজন করে।

এতে বিএনপি নেতা গোলাম মোস্তফার সার্বিক তত্ত্বাবধানে পরকোট ইউনিয়ন যুবদলের সভাপতি সোহেল আহমেদের সঞ্চালনায় প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন, উপজেলা যুবদলের আহ্বায়ক জহির উদ্দিন বাবর, উপজেলা বিএনপির সাবেক আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক গোলাম মোস্তফা ভূঁইয়া, ইউনিয়ন বিএনপির সাবেক সভাপতি মো.ইউনুছ, সাবেক সাধারণ সম্পাদক মোবারক হোসেন পাপ্পু, সাবেক ইউপি চেয়ারম্যান তাওহীদুল ইসলাম প্রমূখ।

এ সময় উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক শফিকুল বাশার বাবুল, জহিরুল ইসলাম, উপজেলা ছাত্রদলের নেতা ইয়াসিন আরাফাত মিলন, ইউনিয়ন ছাত্রদলের নেতা তানভীর শাহান রবিন উপস্থিত ছিলেন।

বিএনপি তারেক রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:28

URL: https://timestodaybd.com/public/chittagong/4761775807